দৈনিক জনকণ্ঠ

MAR. 26 2002

## মেডিক্যাল ভর্তি পরীক্ষায় সংরক্ষিত আসনের ফলাফল প্রকাশ প্রসঙ্গে

বাংলাদেশের তেরোটি সরকারী মেডিক্যাল কলেজের ভর্তি পরীক্ষার ফলাফল ৯ মার্চ প্রকাশ করা হয়েছে। কিন্তু ঐ ফলাফল অসম্পূর্ণ। নির্ধারিত কোটার ফলাফল পরবর্তীতে প্রকাশ করা হবে উল্লেখ থাকলেও অদ্যাবধি প্রকাশ করা হয়নি। কবে নাগাদ উক্ত ফলার্ফল প্রকাশ করা হবে তার কোন বিজ্ঞপ্তি বা খবর জানা যায়নি। তবে এ বিষয়ে স্বাস্থ্য অধিদফতর থেকে মুক্তিযোদ্ধার সন্তানের জন্য সংরক্ষিত আসনে পাওয়া আবেদনপত্রের ২৬ জনের আবেদন ত্রুটিপূর্ণ বা অসম্পূর্ণ থাকায় প্রয়োজনীয় কাগজপত্র জমা দেয়ার জন্য ০১-০৪-২০০২ তারিখ পর্যন্ত সময় দেয়া হয়েছে। এটা কি করে সম্ভব? ভর্তি বিজ্ঞপ্তিতে প্রয়োজনীয় তথ্য/কাগজপত্র ভুল বা অসম্পূর্ণ থাকলে বাতিল বলে গণ্য হবে উল্লেখ ছিল। এখন এই সুযোগ দেয়ার অর্থ কি? এই বিষয়ে মাননীয় স্বাস্থ্যমন্ত্রী মহোদয়ের ব্যক্তিগত দৃষ্টি আকর্ষণ করছি এবং উল্লিখিত ২৬ জন ব্যতীত বাকি মুক্তিযোদ্ধার সন্তানদের মেধাভিত্তিক ফলাফল অবিলম্বে প্রকাশের ব্যবস্থা করার জন্য বিনীত অনুরোধ জানাচ্ছি।

*এসএম আবদুস সালাম*
*মুক্তিযোদ্ধা পল্লী*
*লাইন নং-২, বাসা নং-৮, ব্লক-১৫ ডি*
*মিরপুর, ঢাকা।*